ভোরের কাগজ

তারিখ ... APR. 23 2003 ...
পৃষ্ঠা ১ কলাম ৮

# মতিঝিল মডেলের ১৩২ ছাত্রী আজ প্রধানমন্ত্রীকে স্মারকলিপি দেবে

কাগজ প্রতিবেদক : এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়ার জন্য মতিঝিল মডেল কলেজের ১৩২ জন ও তাদের অভিভাবকরা আজ রোববার প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করবে।

আজ সকাল ৯টায় কলেজ প্রাঙ্গণে সমবেত হয়ে ছাত্রীরা তাদের অভিভাবকদের নিয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে পদযাত্রা শুরু করবে।

প্রসঙ্গত, আগামী বৃহস্পতিবার থেকে শুরু হওয়া এইচএসসি পরীক্ষায় কলেজের গাফিলতিতে বিষয় নির্বাচনে ভুল করায় এই ছাত্রীরা অংশগ্রহণের সুযোগ পাচ্ছে না।